

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ০৪ /২০১৪

তারিখ : ২৭ জুলাই, ২০১৪
১২ শ্রাবণ, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ATM (Automated Teller Machine) এবং POS (Point of Sale) -এ
গ্রাহকস্বার্থ সংরক্ষণ নিশ্চিতকরণে ব্যাংকসমূহের করণীয় প্রসঙ্গে।

ATM এবং POS ব্যবহার করে কার্ডভিত্তিক ইলেক্ট্রনিক লেনদেনের ক্ষেত্রে গ্রাহক স্বার্থ সংরক্ষণসহ সার্বক্ষনিক লেনদেন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণার্থে আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে:

১. ATM এবং POS নেটওয়ার্ক সার্বক্ষনিক চালু রাখতে হবে;
২. ATM বুথে সার্বক্ষনিক নগদ টাকার সরবরাহ নিশ্চিত করতে হবে;
৩. বন্ধ বা অচল এটিএম বুথের সামনে অবশ্যই নোটিশ প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে;
৪. অনিবার্য কারণবশতঃ কোন ব্যাংকের ATM এবং POS সেবা বন্ধ থাকলে তাৎক্ষনিক গ্রাহকদের অবহিত করতে হবে;
৫. নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বিগত ০৫ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত পিএসডি সার্কুলার নং-০৩/২০১৩ দ্রষ্টব্য)।

আপনাদের বিশ্বস্ত



(কে,এম আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১৭৪